যুগান্তর

তারিখ ... 10 APR 2016 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৬ ...

# হোমিওপ্যাথিক চিকিৎসার উন্নয়নে সহায়তা দিন

— স্বাস্থ্যমন্ত্রী

**যুগান্তর রিপোর্ট**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী মোহাম্মদ নাসিম বাংলাদেশের হোমিওপ্যাথিক চিকিৎসার উন্নয়নে সহায়তা দানের জন্য বিশ্ব নেতাদের প্রতি আহ্বান জানিয়েছেন। শনিবার ভারতের রাজধানী নয়াদিল্লিতে আন্তর্জাতিক হোমিওপ্যাথি সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে বক্তৃতাকালে এ আহ্বান জানান। বিশ্ব হোমিওপ্যাথি দিবস উপলক্ষে ভারতের আয়ুশ মন্ত্রণালয়, হোমিওপ্যাথিক রিসার্চ কাউন্সিলের সহায়তায় আন্তর্জাতিক হোমিওপ্যাথিক সংস্থা 'লিগা মেডিকোরাম হোমিওপ্যাথিকা ইন্টারন্যাশন্যালিস' দুই দিনব্যাপী এ সম্মেলনের আয়োজন করে।

মোহাম্মদ নাসিম বলেন, বাংলাদেশের সরকার ঘরে ঘরে স্বাস্থ্যসেবা পৌঁছে দিতে নানাবিধ কর্মসূচি গ্রহণ করেছে, যার সুফল জনগণ পাচ্ছে। এ উদ্যোগগুলোকে আরও কার্যকর ও শক্তিশালী করতে অ্যালোপ্যাথিক চিকিৎসা পদ্ধতির পাশাপাশি হোমিওপ্যাথিসহ বিকল্প চিকিৎসা পদ্ধতির সক্রিয় ভূমিকা প্রয়োজন।

সম্মেলনের আহ্বায়ক নন্দিনী শর্মার

■ পৃষ্ঠা ৭ : কলাম ১

# হোমিওপ্যাথিক চিকিৎসার উন্নয়নে সহায়তা দিন

(৩য় পৃষ্ঠার পর)

সভাপতিত্বে ভারতের আয়ুশ মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী শ্রীপদ যেসো নায়েক, নেপালের স্বাস্থ্য প্রতিমন্ত্রী মুশতাক আলম, আয়ুশের সচিব অজিত শারণ, লিগা মেডিকোরাম হোমিওপ্যাথিকা ইন্টারন্যাশনালিসের সভাপতি ডা. রেঞ্জ গ্যালাসিসহ যুক্তরাজ্য, অস্ট্রিয়া, কানাডা, আর্মেনিয়া, ভারত ও বাংলাদেশসহ বিশ্বের ২৪টি দেশের হোমিওপ্যাথি বিশেষজ্ঞরা সম্মেলনে বক্তব্য রাখেন। সম্মেলনে বাংলাদেশ হোমিওপ্যাথিক বোর্ডের চেয়ারম্যান ডা. দিলীপ কুমার রায়, রেজিস্ট্রার ডা. জাহাঙ্গীর আলমসহ দেশের বিশেষজ্ঞ হোমিওপ্যাথিক চিকিৎসকরা অংশ নেন। উদ্বোধনী অনুষ্ঠানে স্বাস্থ্যমন্ত্রী যৌথভাবে বিশ্ব হোমিওপ্যাথি দিবস উপলক্ষে স্মারক ডাকটিকিট অবমুক্ত ও স্মরণিকার মোড়ক উন্মোচন করেন। এদিকে বিকালে মন্ত্রী 'হোমিওপ্যাথি : গ্লোবাল সিনারিও অ্যান্ড ইন্টারন্যাশনাল কো-অপারেশন' শীর্ষক সেমিনারে সভাপতিত্ব করেন। বাংলাদেশের স্বাস্থ্য খাতের সফলতার ভূয়সী প্রশংসা করে সেমিনারে বক্তারা বলেন, বাংলাদেশ অ্যালোপ্যাথিক চিকিৎসা পদ্ধতির পাশাপাশি হোমিওপ্যাথিসহ বিকল্প চিকিৎসার ক্ষেত্রে ব্যাপক সফলতা অর্জন করেছে।